



## হাবিপ্রবিতে ছাত্রলীগের দুই গ্রন্থপে সংঘর্ষ || আহত ৩০

প্রকাশিত: ২৯ - জুন, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, দিনাজপুর || হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে হলের রুম দখলকে কেন্দ্র করে ছাত্রলীগের দুই গ্রন্থের সংঘর্ষে প্রায় ৩০ জন আহত হয়েছে।

বৃহস্পতিবার রাত ১২ টার দিকে এ ঘটনা ঘটে। আহতদের মধ্যে গুরুতর অবস্থায় মামুনুর রশিদ ও রাবির শেখ নামে দুই জনকে দিনাজপুর এম আব্দুর রহিম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা গেছে, রাতে শেখ রাসেল হলে ৮টি সিট ফাঁকা থাকায় ওই সিটে থাকার জন্য শিক্ষার্থীদেরকে নিয়ে যায় ছাত্রলীগ নেতা নাহিদ আহমেদ নয়ন। এ সময় ওই হলের ছাত্রলীগ সভাপতি রহুল কুদুস জোহার সঙ্গে তার বাগবিত-এর এক পর্যায়ে সংঘর্ষের ঘটনা ঘটে। এ সময় ইট-পাটকেল নিয়ে উভয়পক্ষ আক্রমণ করে। শিক্ষার্থীদের অভিযোগ- এ সময় ৩ রাউন্ড ফাকা গুলিবর্ষণের ঘটনাও ঘটে। এই সংঘর্ষে উভয়পক্ষের প্রায় ৩০ জন আহত হয়। তাদের দিনাজপুর এম আব্দুর রহিম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে এবং গুরুতর আহত হওয়ায় মামুনুর রশিদ ও রাবির শেখ নামে দুজনকে হাসপাতালে ভর্তি রাখা হয়েছে। পুলিশ জানায়, এ ঘটনার সংবাদ পেয়ে কোতোয়ালি থানা পুলিশ ঘটনাস্থলে গেলেও তাদেরকে বিশ্ববিদ্যালয়ের ভেতরে প্রবেশ করার অনুমতি দেয়নি প্রশাসন। এখন পর্যন্ত কোন পক্ষ এ ব্যাপারে কোন অভিযোগ দায়ের করেনি। বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠের প্রফেসর ড. খালিদ হোসেন জানান, আহতদের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। এই ঘটনায় উপাচার্যের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক প্লোব জনকঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লি: ও জনকঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি.এ. ৭৯৬। কার্যালয়: জনকঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সাটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৮৪৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৮৫১৩১৭, ৮৩১৬৩০৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright ® All rights reserved by dailyjanakantha.com